# রাজশাহী বিশ্ববিদ্যালয়

## অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং কলেজ, কৃষি কলেজ/ইনস্টিটিউটসমূহের বিভিন্ন বিভাগে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি আবেদনের বিজ্ঞপ্তি

মেমো নং- ২৯১৮/১৭৫/কপ

তারিখ: ১৭.০৮.২০২২

১। (ক) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে **অধিভুক্ত কলেজ/ইনস্টিটিউটসমূহে** ১ম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনকারীকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট https://aca.ru.ac.bd এ প্রকাশিত নিয়মাবলী অনুসরণ করে অনলাইনে আবেদন করতে হবে।

(খ) আবেদনকারীকে সংশ্লিষ্ট ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ভর্তি পরীক্ষার তারিখ যথাসময়ে প্রকাশিত হবে।

২। **ভর্তি আবেদনের যোগ্যতা:**

(ক) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে অধিভুক্ত কলেজসমূহের জন্য ২০১৯ ও তৎপরবর্তী বছরের এইচ.এস.সি./সমমানের পরীক্ষায় কৃতকার্য শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

(খ) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে অধিভুক্ত কলেজসমূহের জন্য ২০১৫ ও তৎপরবর্তী বছরের এস.এস.সি./সমমানের পরীক্ষায় কৃতকার্য শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

(গ) পরীক্ষার্থীকে পদার্থ, রসায়ন, গণিত/জীববিদ্যা বিষয়সহ এইচ.এস.সি./সমমানের পরীক্ষায় কৃতকার্য হতে হবে।

(ঘ) বিজ্ঞান বিভাগ হতে এস.এস.সি. ও এইচ.এস.সি. পরীক্ষায় ৪র্থ বিষয়সহ কমপক্ষে জিপিএ ৩.৫০ সহ সর্বমোট জিপিএ ৭.৫০ থাকতে হবে।

(ঙ) ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/কৃষি/ফিশারীজ/ফুড এন্ড নিউট্রিশনাল সায়েন্স/হেলথ/নার্সিং হতে পাশকৃত শিক্ষার্থীদের জন্য প্রাপ্ত জিপিএ ৪.০০ স্কেলকে ৫.০০ স্কেলে রূপান্তর করে যোগ্যতা নির্ধারণ করতে হবে। ডিপ্লোমা পরীক্ষায় জিপিএ ৪.০০ স্কেলে ২.৮ এর কম হলে আবেদন করতে পারবে না।

(চ) ২০১৯, ২০২০ ও ২০২১ সালের এইচ.এস.সি./সমমান বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের অধীনে এইচ.এস.সি. (ভোকেশনাল) উত্তীর্ণ শিক্ষার্থীরাই আবেদন করতে পারবে। সনাতন পদ্ধতিতে ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে না।

৪। **ভর্তি পরীক্ষায় আবেদনের সময়সীমা ও ফী:** ভর্তির আবেদন ফরম গ্রহণের তারিখ ২৫/০৮/২০২২ দুপুর ১২.০০ টা থেকে ১৫/০৯/২০২২ রাত ১২.০০ টা পর্যন্ত। ভর্তির জন্য আবেদন ফরমের মূল্য ৫০০/- এবং অনলাইন চার্জ ৫০/- টাকাসহ মোট ৫৫০/- টাকা মোবাইল ব্যাংকিং (রকেট) এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

৫। **ভর্তি পরীক্ষার স্থান:** রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে।

৬। **পরীক্ষার ধরণ:** এমসিকিউ (MCQ), সময়: ১ (এক) ঘন্টা, প্রশ্ন সংখ্যা: ৮০টি, পূর্ণমান: ১০০, পাশ নম্বর: ৪০।

৭। **পরীক্ষার মান বন্টন:**

| শাখা | বিষয় | প্রশ্ন সংখ্যা | নম্বর | মোট নম্বর |
|---|---|---|---|---|
| ক (আবশ্যিক) | পদার্থ | ২৫ | প্রতি প্রশ্নে ১.২৫ | ৩১.২৫ |
| | রসায়ন | ২৫ | | ৩১.২৫ |
| | আই সি টি | ৫ | | ৬.২৫ |
| খ (ঐচ্ছিক) তবে যে কোন একটি অংশ উত্তর দিতে হবে | গণিত | ২৫ | প্রতি প্রশ্নে ১.২৫ | ৩১.২৫ |
| | জীববিদ্যা | ২৫ | | |
| | জীববিদ্যা+ গণিত | ১৩+১২ | | |
| | মোট | ৮০ | | ১০০ |

৮। **অধিভুক্ত কলেজ/ইনস্টিটিউটসমূহ এবং আসন সংখ্যা:**

| ইঞ্জিনিয়ারিং কলেজ | কৃষি কলেজ/ইনস্টিটিউট |
|---|---|
| রংপুর ইঞ্জিনিয়ারিং কলেজ, রংপুর; টিএমএসএস ইঞ্জিনিয়ারিং কলেজ, বগুড়া; পাবনা ইঞ্জিনিয়ারিং কলেজ, পাবনা; ইমপেরিয়াল কলেজ অব ইঞ্জিনিয়ারিং, খুলনা; আশ্রয় ইঞ্জিনিয়ারিং কলেজ, রাজশাহী<br>**আসন সংখ্যা: মোট ৬২০ টি** | ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব এপ্লাইড সায়েন্স এন্ড টেকনোলজি (আইআইএএসটি), রংপুর; হেনরী ইনস্টিটিউট অব বায়োসায়েন্স এন্ড টেকনোলজি, সিরাজগঞ্জ; আনোয়ারা কলেজ অব বায়োসায়েন্স, দিনাজপুর; বরেন্দ্র ইনস্টিটিউট অব বায়ো সায়েন্সেস, নাটোর; ভাষাসৈনিক গাজীউল হক ইনস্টিটিউট অব বায়োসায়েন্স, বগুড়া; উদয়ন কলেজ অব বায়োসায়েন্স এন্ড টেকনোলজি, রাজশাহী; আশ্রয় কলেজ অব এগ্রিকালচারাল সায়েন্স, রাজশাহী; গ্রাজুয়েট ইনস্টিটিউট অব এগ্রিকালচার এন্ড টেকনোলজি, কুষ্টিয়া<br>**আসন সংখ্যা: মোট ১০৮০ টি** |

**শর্তাবলী:**

১। যে সকল ভর্তিচ্ছু শিক্ষার্থী **'ক'** সহ **'খ'** শাখার জীববিদ্যা+গণিত বিষয়ে উত্তর দিবে তারা ইঞ্জিনিয়ারিং ও কৃষি কলেজ/ ইনস্টিটিউটসমূহের সব বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে।

২। যে সকল শিক্ষার্থী **'ক'** সহ **'খ'** শাখার গণিত বিষয়ে উত্তর দিবে তারা শুধুমাত্র ইঞ্জিনিয়ারিং কলেজে (১) ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (২) সিভিল ইঞ্জিনিয়ারিং (৩) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (৪) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (৫) ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং এবং (৬) টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে।

৩। যে সকল শিক্ষার্থী **'ক'** সহ **'খ'** শাখার জীববিদ্যা অংশ/বিষয়ে উত্তর দিবে তারা শুধুমাত্র কৃষি কলেজ/ইনস্টিটিউট-এর (১) এগ্রিকালচার (২) ফিশারীজ (৩) মাইক্রোবায়োলজি ও (৪) ফুড এন্ড নিউট্রিশনাল সায়েন্স বিভাগের জন্য বিবেচিত হবে।

৪। ভর্তি পরীক্ষায় **'ক'** (আবশ্যিক) শাখায় ন্যূনতম ২০ এবং **'খ'** (ঐচ্ছিক) শাখায় ন্যূনতম ৮ নম্বরসহ পাশ নম্বর ৪০ হবে।

৫। প্রতিটি প্রশ্নের ন্যূনতম মান ১.২৫। তবে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২০ নম্বর কাটা যাবে।

এইচ.এস.সি. ২০২১ পরীক্ষায় বোর্ড কর্তৃক যে পাঠ্যসূচী অনুসরণ করা হয়েছে তার আলোকে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে রাজশাহী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজ/ইনস্টিটিউটসমূহে ১ম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষার তারিখ ও প্রয়োজনীয় তথ্যাবলী রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট https://aca.ru.ac.bd এ পাওয়া যাবে।

স্বা:/-

**(প্রফেসর মো. আবদুস সালাম)**
**রেজিস্ট্রার**
**রাজশাহী বিশ্ববিদ্যালয়**

# অনলাইনে আবেদন নির্দেশিকা

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/ইনস্টিটিউটসমূহে ১ম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২১-২২ এর আবেদন নির্দিষ্ট সময়ের মধ্যে অনলাইনে সম্পন্ন করতে হবে। নিম্নে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে আবেদন করা যাবে।

## আবেদন প্রক্রিয়া

**১। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষা সংক্রান্ত তথ্য প্রদান**

ওয়েবসাইটের হোম পেজে "Start Application" বাটনে ক্লিক করলে পরবর্তী পেজে প্রার্থীকে তার SSC/সমমান এবং HSC/সমমান উভয় পরীক্ষার রোল, শিক্ষাবোর্ড ও পাশের বছর প্রদান করতে হবে। সেই সাথে পেজে প্রদত্ত একটি ছবিতে দৃশ্যমান সংখ্যা ও অক্ষর (Captcha) যথাস্থানে ইনপুট দিতে হবে।

কারিগরি শিক্ষা বোর্ডের শিক্ষার্থীদের ক্ষেত্রে শিক্ষাবোর্ডের স্থলে প্রযোজ্যক্ষেত্রে **Technical-Vocational** অথবা **Technical-BM/DCOM**, GCE (A লেভেল, O লেভেল) ও BFA এর শিক্ষার্থীরা বোর্ডের স্থলে **Others (GCE-A Level/BFA)** সিলেক্ট করতে হবে।

সকল তথ্য সঠিকভাবে পূরণ করে "Submit" বাটনে ক্লিক করলে প্রার্থীর মোবাইল নম্বর প্রদানের পেজ পাওয়া যাবে। কোন আবেদনকারীর প্রয়োজনীয় তথ্যাদি শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত ডাটাবেজে না পাওয়া গেলে "Complain Box"-এর মাধ্যমে সংশ্লিষ্ট অভিযোগ (প্রয়োজনীয় তথ্যাদিসহ) প্রদান করতে পারবে। প্রদানকৃত তথ্য পর্যবেক্ষণ করে তার মোবাইল ফোনে যোগাযোগ করা হবে।

**২। মোবাইল নম্বর / ইমেইল প্রদান এবং ভেরিফিকেশন**

আবেদন প্রক্রিয়ার শুরুতেই প্রার্থীর মোবাইল নম্বরটি নিশ্চিত করতে হবে। মোবাইল নম্বরটি অবশ্যই প্রার্থীর নিজের অথবা অভিভাবকের হতে হবে। একই মোবাইল নম্বর একাধিক প্রার্থীর জন্য ব্যবহার করা যাবে না। প্রার্থীর ভর্তি সংক্রান্ত সকল প্রকার তথ্য প্রদানের জন্য প্রদত্ত নম্বরে যোগাযোগ করা হবে। মোবাইল নম্বর সতর্কতার সাথে প্রদান করা প্রয়োজন। ভুল নম্বর প্রদান করলে প্রার্থীর সাথে যোগাযোগ করা সম্ভব হবে না এবং এজন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

সঠিক মোবাইল নম্বর / ইমেইল প্রদানের পর "Submit"-এ ক্লিক করলে প্রদত্ত মোবাইল নম্বর / ইমেইল -এ চার ডিজিটের একটি PIN নম্বর পাঠানো হবে। প্রাপ্ত PIN নম্বরটি নির্ধারিত বক্সে লিখে "Verify PIN" এ ক্লিক করলে মোবাইল নম্বর / ইমেইল নিশ্চিত হবে। মোবাইল নম্বর / ইমেইল ভুল হলে "Edit" লিংকে গিয়ে সংশোধন করা যাবে।

“Submit Application” বাটনে ক্লিক করলে প্রার্থীর আবেদন সম্পন্ন হবে এবং একটি স্লিপ দেখতে পাবে। উক্ত স্লিপে আবেদনকারীর ছবিসহ Application ID, Bill Number এবং সর্বমোট ফি এর পরিমাণ মুদ্রিত থাকবে। স্লিপটির নিচের দিকে অবস্থিত “Download Payslip” বাটন ক্লিক করে স্লিপটি প্রিন্ট বা সংরক্ষণ (Save) করা যাবে। এই স্লিপটি অবশ্যই “Admit Card” নয় কিন্তু প্রদত্ত তথ্য পরবর্তীতে প্রয়োজন হবে। OK বাটনে ক্লিকের মাধ্যমে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে।

**৩। ছবি আপলোড**

এই ধাপে আবেদনকারীকে সদ্য তোলা একটি 300×400 পিক্সেল সাইজের স্পষ্ট (Studio quality) রঙ্গিন JPG ফরমেটের ছবি আপলোড করতে হবে। ছবির ফাইল সাইজ কোন মতেই ১০০ কিলোবাইটের বেশি হতে পারবে না।

ছবির পেছনে এক রঙের হালকা ব্যাকগ্রাউন্ড থাকবে; ব্যাকগ্রাউন্ডে কোন গাছপালা, প্রাকৃতিক দৃশ্য ইত্যাদি গ্রহণযোগ্য হবে না। স্কুল/কলেজের ড্রেস পরিহিত ছবি ব্যবহার করা যাবে না। উল্লেখ্য যে, আবেদনের সময় প্রদত্ত ছবিই বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য ব্যবহার করা হবে। সফটওয়্যারের সাহায্যে কোন রকম ইফেক্ট দেওয়া ছবি গ্রহণযোগ্য হবে না। প্রাথমিক আবেদনের সময় ছবি সংক্রান্ত কোন সংশোধন করা যাবে না।

**৪। কোটার তথ্য প্রদান**

কোটা সংক্রান্ত তথ্য (মুক্তিযোদ্ধা কোটা, ক্ষুদ্র নৃগোষ্ঠী কোটা ও প্রতিবন্ধী কোটা) ভর্তি পরীক্ষার সময় OMR সীটের মাধ্যমে নেওয়া হবে।

**৫। ফি প্রদান পদ্ধতি ও আবেদন নিশ্চিতকরণ**

স্লিপে প্রদত্ত Bill Number ব্যবহার করে রকেট এর মাধ্যমে চূড়ান্ত আবেদনের ফি নিম্নে উল্লেখিত পদ্ধতিতে প্রদান করার মাধ্যমে প্রাথমিক আবেদন নিশ্চিত (Confirm) করতে হবে। **সংশ্লিষ্ট ফি প্রদান ব্যতিত আবেদন সম্পন্ন হবে না।**

# ফটো আপলোড নির্দেশিকা

- সদ্য তোলা একটি ৩০০×৪০০ পিক্সেল সাইজের স্পষ্ট (Studio Quality) রঙ্গিন jpg ফরমেটের ছবি (সাইজ ১০০KB এর বেশী নয়) আপলোড করতে হবে।
- ছবির পেছনে এক রঙের হালকা ব্যাকগ্রাউন্ড থাকবে; ব্যাকগ্রাউন্ডে কোন গাছপালা, প্রাকৃতিক দৃশ্য ইত্যাদি গ্রহণযোগ্য হবে না। স্কুল/কলেজের ড্রেস পরা ছবি ব্যবহার করা যাবে না। উপরে উল্লেখিত সাইজের সাথে গরমিল থাকলেও কোন ছবি গ্রহণ করা হবে না। উল্লেখ্য যে আবেদনের সময় প্রদত্ত ছবিই প্রযোজ্য ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য ব্যবহার করা হবে।
- সফটওয়্যারের সাহায্যে কোন রকম ইফেক্ট দেওয়া ছবি গ্রহনযোগ্য হবে না।
- ফটো আপলোডের সময় বিশেষ সতর্কতা অবলম্বন করতে বলা হচ্ছে। পরবর্তীতে আবেদনকারী অন্য কোনো ইউনিটে আবেদন করলে নতুন করে আর ফটো আপলোড করতে হবে না।

# ছবি পরিবর্তন প্রক্রিয়া

**নিম্নে উল্লেখিত পদ্ধতি অনুসরণ করে আবেদনকারীর ছবি পরিবর্তন করা যাবে**

- Online Application পেজের Start Final Application এ ক্লিকের মাধ্যমে পরবর্তী পেজে প্রয়োজনীয় তথ্য প্রদান করে 'Next' বাটনে ক্লিক করলে Student Panel পাওয়া যাবে।
- Student Panel এর বাম দিকের মেনু থেকে "Photo Change Request" সিলেক্ট করে OTP এর মাধ্যমে মোবাইল/email ভেরিফিকেশন করতে হবে। পরবর্তী পেজে তার ছবিযুক্ত HSC রেজিস্ট্রেশন কার্ডের Scan Copy ও নতুন ছবি আপলোড করার সুযোগ পাওয়া যাবে।
- HSC রেজিস্ট্রেশন কার্ডের Scan Copy ও নতুন ছবি আপলোড সম্পন্ন হলে Bill Number সহ ১০০ (একশত) টাকার একটি স্লিপ প্রদান করা হবে।
- প্রদত্ত Bill Number ব্যবহার করে রকেট এর মাধ্যমে প্রদত্ত ফি (১০০ টাকা) নিম্নলিখিত পদ্ধতিতে প্রদান করার মাধ্যমে ছবি পরিবর্তন নিশ্চিত (Confirm) করতে হবে। সংশ্লিষ্ট ফি প্রদান ব্যতিত ছবি পরিবর্তনের আবেদন কার্যকর হবে না।
- পরবর্তী ৪৮ ঘন্টার মধ্যে ওয়েবসাইটে আবেদনকারীর ছবি পরিবর্তনের বিষয়টি আপডেট করা হবে।

## আবেদন ফি প্রদানের প্রক্রিয়া

স্লিপে প্রদত্ত Bill Number ব্যবহার করে রকেট এর মাধ্যমে আবেদনের ফি নিম্নে উল্লেখিত পদ্ধতিতে প্রদান করার মাধ্যমে আবেদন নিশ্চিত (Confirm) করতে হবে। সংশ্লিষ্ট ফি প্রদান ব্যতিত আবেদন সম্পন্ন হবে না।

| রকেট এর মাধ্যমে ফি প্রদান পদ্ধতি | |
|---|---|
| > Step-1: | *322# ডায়াল করতে হবে। |
| > Step-2: | "1. Bill Pay" অপশন সিলেক্ট করতে হবে। |
| > Step-3: | "2. Other" অপশন সিলেক্ট করতে হবে। |
| > Step-4: | "Enter Payer Mobile No." এর স্থলে প্রার্থীর মোবাইল নম্বর দিতে হবে। |
| > | "0. Other" অপশন সিলেক্ট করতে হবে। |

| | |
|---|---|
| > Step-5: | |
| > Step-6: | Enter Biller ID. এর স্থলে '**285**' টাইপ করতে হবে। |
| > Step-7: | Enter Bill Number এর স্থলে অবশ্যই স্লিপে প্রদত্ত Bill Number টি প্রদান করতে হবে। |
| > Step-8: | Enter Amount এর স্থলে স্লিপে প্রদত্ত সর্বমোট ফি এর পরিমাণ দিতে হবে। |
| > Step-9: | Enter PIN এর স্থলে Customer এর রকেট Account এর PIN নম্বর দিতে হবে। |
| > Step-10: | Payment Confirmation SMS আসবে। এই SMS থেকে Transaction ID (TxnID) সংরক্ষণ করতে হবে। |

University of Rajshahi

## List of Affiliated Colleges/Institutes

| Faculty | Name of the College/Institute | Type & Subjects | Contact |
|---|---|---|---|
| Faculty of Engineering | Rangpur Engineering College | Type: Engineering<br>Subject: CE, EEE, ICE, CSE | G L Rai Road, Kamal Kachna, Rangpur<br>URL: www.recr.edu.bd |
| | TMSS Engineering College | Type: Engineering<br>Subject: TE, CE, EEE, CSE | Thangamara, Gokul, Bogra<br>URL: www.tec.edu.bd |
| | Pabna Engineering College | Type: Engineering<br>Subject: CE, EEE, CSE | Shalgaria, Pabna<br>URL: www.pec.edu.bd |
| | Imperial College of Engineering | Type: Engineering<br>Subject: TE, ME, CE, EEE, CSE | Jessore Road, Baikaly, Khulna<br>URL: www.imperial.edu.bd |
| | Ashrai Engineering College | Type: Engineering<br>Subject: EEE, CSE | Pakuria, Paba, Rajshahi<br>URL: www.recr.edu.bd |
| Faculty of Agriculture/Fisheries | International Institute of Applied Science and Technology | Type: Agriculture<br>Subject: Micro.Bio, Food.Sc, Fisha. | Ashratpur, Chalkbazar, Mirgonj Road, Rangpur<br>URL: www.iiast.edu.bd |
| | Henry Institute of Bioscience & Technology | Type: Agriculture<br>Subject: AG, Micro.Bio, Food.Sc, Fisha. | Narisapara, kazipur Road, Sirajgonj-6700<br>URL: www.hibt.ac.bd |
| | Anowara College of Bioscience | Type: Agriculture<br>Subject: AG, Food.Sc. | Terminal Road, Dinajpur Sadar, Dinajpur<br>URL: bioscience.anowara.edu.bd |
| | Varendra Institute of Biosciences | Type: Agriculture<br>Subject: AG, Micro.Bio, Food.Sc, Fisha | Akdala, Natore<br>URL: www.vib.edu.bd |
| | Udayan College of Bioscience & Technology | Type: Agriculture<br>Subject: AG, Micro.Bio, Food.Sc, Fisha. | H-140, W-9, Hosnigonj, Rajshahi<br>URL: www.ucbt.edu.bd |
| | Bhashasoinik Gaziul Haque Institute of Bioscience | Type: Agriculture<br>Subject: AG, Micro.Bio, Food.Sc, Fisha. | Bhashasoinik Gaziul Haque Sarak, Namajgor, Bogura<br>URL: www.bgib.edu.bd |
| | Ashrai College of Agricultural Science | Type: Agriculture<br>Subject: AG, Fisha. | Pakuria, Paba, Rajshahi<br>URL: www.ashrai.org.bd |
| | Graduate Institute of Agricultural & Technology | Type: Agriculture<br>Subject: AG, Fisha. Micro.B, Food | H-30, Block-C, Housing Estate, Kustia-7000<br>URL: www.giat-ru-bd.com |